

ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষা শিক্ষা কোর্স
ঢাকা বিশ্ববিদ্যালয় ও ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের মধ্যে সহযোগিতা প্রটোকল স্বাক্ষর
সংবাদ বিজ্ঞপ্তি

ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষা শিক্ষা কোর্স চালুর নিমিত্তে আজ ৩০শে ডিসেম্বর ২০২১ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয় ও ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের মধ্যে এক সহযোগিতা প্রটোকল স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব) জনাব মাসুদ বিন মোমেন এর উপস্থিতিতে এ সহযোগিতা প্রটোকলে স্বাক্ষর করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সন্মানিত ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান এবং ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের সন্মানিত রেক্টর অধ্যাপক ড. মাহমুদ আক। পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস আংকারা ও বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, ইস্তাম্বুলের উচ্চপদস্থ কর্মকর্তা ছাড়াও ও ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত এ প্রোগ্রামে উপস্থিত ছিলেন ঢাকা ও ইস্তাম্বুলের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক – শিক্ষার্থীবৃন্দ, তুর্কীর স্বনামধন্য মিডিয়া ব্যক্তিবর্গ এবং ইস্তাম্বুলে বসবাসরত প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ। উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের অংশ হিসাবে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, ইস্তাম্বুলের উদ্যোগে এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় গৃহীত এ গুরুত্বপূর্ণ পদক্ষেপের মধ্যদিয়ে প্রথমবারের মত তুরস্কের কোন শিক্ষা প্রতিষ্ঠানে বাংলা ভাষা শিক্ষা কোর্স চালু হতে যাচ্ছে।

পররাষ্ট্র সচিব জনাব মোমেন তাঁর বক্তব্যের শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন যে, তিনিই প্রথম ব্যক্তি যিনি ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে বাংলায় বক্তব্য প্রদান করে বাংলার সাথে বিশ্ববাসীকে পরিচয় করিয়ে দেন। তিনি সশ্রদ্ধায় স্মরণ করেন সে সকল মহান ভাষা শহিদদের যারা মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষার্থে প্রান উৎসর্গ করেছিলেন। জনাব মোমেন আশাবাদ ব্যক্ত করেন যে, ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষা শিক্ষা কোর্স চালুর মধ্য দিয়ে বাংলাদেশ ও তুরস্কের মধ্যকার সম্পর্ক, বিশেষ করে ভাষা, সাহিত্য ও সাংস্কৃতিক সহযোগিতা সম্প্রসারণসহ দ্বিপাক্ষিক সম্পর্কের ক্ষেত্রসমূহ আরো সুসংহত ও গতিশীল হবে। এ খরনের উদ্যোগ ও পদক্ষেপের ফলাফল অত্যন্ত ইতিবাচক ও সুদূর প্রসারী উল্লেখ করে তিনি বলেন যে, ভবিষ্যতে তা (বাংলা ভাষা শিক্ষা কোর্স) দু দেশের রাজনৈতিক, অর্থনৈতিক ও শিক্ষা সহযোগিতাকে আরো বেগবান করতে গুরুত্বপূর্ণ নিয়ামকের ভূমিকা পালন করবে। তিনি আরো আশা করেন যে, আগামীতে ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষা ও সাহিত্য নিয়ে গবেষণা কার্যক্রম চালু হবে এবং এ বিষয়ে প্রয়োজনমতে একটি পূর্ণাঙ্গ বিভাগ খোলা হবে।

কনসাল জেনারেল ড. মোহাম্মদ মনিরুল ইসলামের সঞ্চালনায় এ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান, ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. মাহমুদ আক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ এবং ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের ভাষা শিক্ষা কেন্দ্রের প্রধান ড. মেহমেদ ইয়ালচিন ইলমাজ। বক্তারা ইস্তাম্বুলে বাংলা ভাষা শিক্ষার এ উদ্যোগকে একটি যুগান্তকারী পদক্ষেপ হিসাবে বর্ণনা করে বলেন যে, এর মাধ্যমে দু দেশের জনগণের মধ্যকার পারস্পরিক যোগাযোগ, বোঝাপড়া ও বন্ধুত্ব আরো সহজ ও নিবিড়তর হবে। তাঁরা ঢাকা ও ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ের মধ্যে সহযোগিতার খাতসমূহকে বহুমুখী ও সম্প্রসারিত করার অপার সম্ভাবনা ও সুযোগ রয়েছে বলে মন্তব্য করেন এবং এ মর্মে বিশেষ করে গবেষণা ও প্রযুক্তি আদান প্রদানের উপর জোর গুরুত্ব আরোপ করেন।

বাংলাদেশ- তুরস্ক সম্পর্ক আগামী দিনগুলোতে আরো গভীর ও শক্তিশালী হবে, এই প্রত্যয় ব্যক্ত করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

ইস্তাম্বুল, তুরস্ক
৩০ ডিসেম্বর ২০২১

